

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৫৭৬ ৫/ পবিত্রতা ও পরিচ্ছন্নতা পরিচ্ছেদঃ তায়াম্মুম

আরবী

عَن عَمْرِو بْنِ الْعَاصِ قَالَ احْتَلَمْتُ فِي لَيْلَةٍ بَارِدَةٍ فِي غَزْوَةِ ذَاتِ السَّلاَسِلِ فَأَشْفَقْتُ إِنِ اغْتَسَلْتُ أَنْ أَهْلِكَ فَتَيَمَّمْتُ ثُمَّ صَلَّيْتُ بِأَصْحَابِي الصَّبْحَ فَذَكَرُوا ذَلِكَ لِلنَّبِيِّ عَيْلِيٌ فَقَالَ يَا غَمْرُو صَلَّيْتَ بِأَصْحَابِكَ وَأَنْتَ جُنُبٌ فَأَخْبَرْتُهُ بِالَّذِي مَنَعَنى مِنَ الإغْتِسَالِ وَقُلْتُ إِنَّ عَمْرُو صَلَيْتَ بِأَصْحَابِكَ وَأَنْتَ جُنُبٌ فَأَخْبَرْتُهُ بِالَّذِي مَنَعَنى مِنَ الإغْتِسَالِ وَقُلْتُ إِنَّ عَمْرُو صَلَيْتَ بِأَصْحَابِكَ وَأَنْتَ جُنُبٌ فَأَخْبَرْتُهُ بِالَّذِي مَنعَنى مِنَ الإغْتِسَالِ وَقُلْتُ إِنَّ عَمْرُو صَلَيْتَ بِأَصْحَابِكَ وَأَنْتَ جُنُبٌ فَأَخْبَرْتُهُ بِالَّذِي مَنعَنى مِنَ الإغْتِسَالِ وَقُلْتُ إِنَّ اللهَ يَعْنِي اللهَ يَقُولُ (وَلاَ تَقْتُلُوا أَنْفُسَكُمْ إِنَّ اللهَ كَانَ بِكُمْ رَحِيمًا) فَضَحِكَ رَسُولُ اللهِ عَيْلِيْ وَلَمْ يَقُلُ شَيْئًا

বাংলা

(৫৭৬) আমর বিন আস (রাঃ) বলেন, যাতুস সালাসিল যুদ্ধ-সফরে এক শীতের রাতে আমার স্বপ্পদোষ হল। আমার ভয় হল যে, যদি গোসল করি তাহলে আমি ধ্বংস হয়ে যাব। তাই আমি তায়াম্মুম করে সঙ্গীদেরকে নিয়ে (ইমাম হয়ে) ফজরের নামায পড়লাম। আমার সঙ্গীরা একথা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকটে উল্লেখ করলে তিনি বললেন, হে আমর! তুমি নাপাক অবস্থায় তোমার সঙ্গীদের ইমামতি করেছ? আমি গোসল না করার কারণ তাঁকে বললাম। আরো বললাম যে, আল্লাহ তা'আলার এ বাণীও আমি শুনেছি, তিনি বলেন, তোমরা আত্মহত্যা করো না। নিশ্চয় আল্লাহ তোমাদের প্রতি বড় দয়াশীল। (নিসাঃ ২৯) এ কথা শুনে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাসলেন এবং কিছুই বললেন না।

ফুটনোট

(আহমাদ ১৭৮১২, আবূ দাঊদ ৩৩৪, হাকেম ৬২৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন